গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
(ব্যবসা ও বাণিজ্য শাখা)
www.sirajganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮৮০০.০১৬.১৪.০০৩.২৫-৬৮৫

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ আগষ্ট ২০২৬ খ্রি.

# সার ডিলার পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

"সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ (সংশোধিত)" এর আলোকে সিরাজগঞ্জ জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে পুনরায় আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

| ক্র. নং | উপজেলা | ইউনিয়ন | শুন্য ডিলার ইউনিট / সার ডিলার এর কার্য এলাকা-----ওয়ার্ড |
|---|---|---|---|
| ১ | কাজিপুর | মাইজবাড়ী | মল্লিকপাড়া, ওয়ার্ড - ১,২,৩ |
| ২ | কাজিপুর | খাসরাজবাড়ী | উজান মেওয়া খোলা, ওয়ার্ড -৪,৫,৬ |
| ৩ | কাজিপুর | খাসরাজবাড়ী | সানবান্ধা, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ৪ | কাজিপুর | নাটুয়ারপাড়া | রেহাইশুড়িবেড়, ওয়ার্ড - ৪,৫,৬ |
| ৫ | কাজিপুর | নিশ্চিন্তপুর | নিশ্চিন্তপুর, ওয়ার্ড - ১,২,৩ |
| ৬ | কাজিপুর | নিশ্চিন্তপুর | ডিক্রিদোরতা, ওয়ার্ড -৪,৫,৬ |
| ৭ | কাজিপুর | তেকানী | কেনারবেড়, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ৮ | কাজিপুর | চরগিরিশ | চরগিরিশ, ওয়ার্ড - ১,২,৩ |
| ৯ | কাজিপুর | চরগিরিশ | ছালাল, ওয়ার্ড -৪,৫,৬ |
| ১০ | কাজিপুর | মনসুরনগর | ছিন্না, ওয়ার্ড -৪,৫,৬ |
| ১১ | কাজিপুর | মনসুরনগর | শালগ্রাম, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ১২ | উল্লাপাড়া | উধুনিয়া | দীঘলগ্রাম, ওয়ার্ড -৪,৫,৬ |
| ১৩ | উল্লাপাড়া | সলঙ্গা | চৌবিলা, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ১৪ | উল্লাপাড়া | বড়হর | বড়হর, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ১৫ | উল্লাপাড়া | উল্লাপাড়া সদর | বাঁখুয়া, ওয়ার্ড -৪,৫,৬ |
| ১৬ | উল্লাপাড়া | কয়ড়া | কয়ড়া, ওয়ার্ড -৪,৫,৬ |
| ১৭ | শাহজাদপুর | গালা | ভেড়াখোলা, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ১৮ | শাহজাদপুর | পোরজনা | জামিরতা, ওয়ার্ড -৪,৫,৬ |
| ১৯ | শাহজাদপুর | খুকনি | আরকান্দি, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ২০ | শাহজাদপুর | কৈজুরী | গুধিবাড়ী, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ২১ | শাহজাদপুর | সোনাতনী | দৈকান্দি, ওয়ার্ড -৪,৫,৬ |
| ২২ | শাহজাদপুর | সোনাতনী | বারপাখিয়া, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ২৩ | শাহজাদপুর | জালালপুর | জালালপুর, ওয়ার্ড - ১,২,৩ |
| ২৪ | বেলকুচি | বেলকুচি | মুলকান্দি, ওয়ার্ড - ১,২,৩ |
| ২৫ | বেলকুচি | বেলকুচি | বেলকুচি, ওয়ার্ড -৪,৫,৬ |
| ২৬ | বেলকুচি | বেলকুচি | রানীপুরা, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ২৭ | বেলকুচি | বড়ধুল | চরবেল, ওয়ার্ড - ১,২,৩ |
| ২৮ | বেলকুচি | বড়ধুল | বড়ধুল, ওয়ার্ড - ৪,৬,৭ |
| ২৯ | বেলকুচি | বড়ধুল | ক্ষিদ্রচাপড়ী, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ৩০ | চৌহালী | খাষকাউলিয়া | খাষকাউলিয়া, ওয়ার্ড - ১,২,৩ |
| ৩১ | চৌহালী | খাষকাউলিয়া | কুরকী, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ৩২ | চৌহালী | খাষপুখুরিয়া | খাষপুখুরিয়া, ওয়ার্ড - ৪,৫,৬ |
| ৩৩ | চৌহালী | খাষপুখুরিয়া | খাষদেলদারপুর, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ৩৪ | চৌহালী | ঘোড়জান | খাষধোলাই, ওয়ার্ড - ১,২,৩ |
| ৩৫ | চৌহালী | ঘোড়জান | ফুলহারা, ওয়ার্ড - ৭,৮,৯ |
| ৩৬ | চৌহালী | উমারপুর | পয়লা, ওয়ার্ড - ৪,৫,৬ |
| ৩৭ | চৌহালী | বাঘুটিয়া | রেহাই পুকুরিয়া, ওয়ার্ড - ১,২,৩ |
| ৩৮ | চৌহালী | বাঘুটিয়া | বাঘুটিয়া, ওয়ার্ড - ৪,৫,৬ |
| ৩৯ | চৌহালী | স্থল | বড় চৌহালী, ওয়ার্ড - ৪,৫,৬ |
| ৪০ | চৌহালী | সদিয়া চাঁদপুর | বারবয়লা, ওয়ার্ড - ৭,৮,৯ |

চলমান পাতা-২

**শর্তাবলী:**

(ক) "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ (সংশোধিত)" এর পরিশিষ্ট-১ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে (আবেদন ফরম- www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে)।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ (সংশোধিত) এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

*** যেসকল আবেদনকারী ২৫ ফেব্রুয়ারী ২০২৬ তারিখের স্মারক নং-০৫.৪৩.৮৮০০.০১৬.১৪.০০৩.২৫-৩৭৬ এর সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তিতে সার ডিলার নিয়োগের জন্য আবেদন দাখিল করেছেন তাদের অনিস্পন্ন আবেদনসমূহ বর্তমান বিজ্ঞপ্তির আওতাধিন মর্মে বিবেচনা করে তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন হবে না।

**(গ) আবেদনকারীর যোগ্যতা :**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের / উপজেলার/ পৌরসভার বাসিন্দা হতে হবে ও এর প্রমানক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র বা প্রশাসক অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/ পৌরসভার সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/ রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না ;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উচু ও পাকা থাকতে হবে ;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০ (দশ) লক্ষ টাকার ব্যাংক স্বচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে।

৫. ইউনিয়ন পরিষদ / পৌরসভা কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে ;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে (বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিড গ্রহণযোগ্য হবেনা);

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিক ভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে ; এবং

৮. আবেদনকারীর হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের (টিআইএন) সনদ থাকতে হবে।

**(ঘ) আবেদনকারীর অযোগ্যতা :**

১. ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায়ে অনিয়ম/ কোনো ফৌজদারি বা অন্য কোন আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন ;

২. কোনো বিধিবদ্ধ সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ পাবলিক বিশ্ববিদ্যালয়/ এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে / থাকতে পারবেন না ; এবং

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা বিক্রয় প্রতিনিধিত্বশিপ থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/ বিক্রয় প্রনিধিত্বশিপের আবেদন করতে বা ডিলার বা বিক্রয় প্রতিনিধি হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/ স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

**(ঙ) সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র :**

১। আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে ;

২। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি / কাগজপত্র জমা দিতে হবে :

(ক) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ ;

(খ) সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি পার্সপোর্ট সাইজ ছবি ;

(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স ;

(ঘ) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ ভাড়ার চুক্তিনামার কপি ;

(ঙ) ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ ;

(চ) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা ; এবং

(ছ) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।

চলমান পাতা-৩

৩। ডিলারশিপের জন্য আবেদনকারীর কৃষি উপকরণ সংক্রান্ত ব্যবসায়ের পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে।

৪। আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০/- (দুই হাজার) টাকার পোষ্টাল অর্ডার/ পে অর্ডার/ ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে ;

৫। একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষনা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার / ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

**(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান ;**

১। আবেদনপত্র দাখিলের শেষ তারিখ : ৩১/০৮/২০২৬ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত ;

২। আবেদনপত্র দাখিলের স্থান: উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ।

কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২০/৮/২৫

(মো: আমিনুল ইসলাম)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
সিরাজগঞ্জ।

স্মারক নং- ১২.০১.৮৮০০.০০০.০১০.১৬.০২৩০.২৫. ১৮৫১ তারিখ: ১৩/০৮/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), কৃষি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা।
৫। চেয়ারম্যান, বিসিআইসি, দিলকুশা বা/এ, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৭। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া।
৮। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৯। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ।
১০। উপজেলা নির্বাহী অফিসার, -------------- (সকল), সিরাজগঞ্জ।
১১। উপজেলা কৃষি অফিসার -----------------(সকল), সিরাজগঞ্জ।
১২। সহকারী কমিশনার (ভূমি), ---------------(সকল), সিরাজগঞ্জ।
১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ ।

(১০–১৩:) বিজ্ঞপ্তিটি ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ করা হলো ।

১৪। সম্পাদক ----------------------------------------------------------------, ঢাকা।
১৫। সম্পাদক ----------------------------------------------------------------, সিরাজগঞ্জ।

বিজ্ঞপ্তিটি আগামী ১৪/০৮/২০২৬ খ্রি. তারিখে তার পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে বিজ্ঞপ্তির ০৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৩/০৮/২০২৬

(এ, কে, এম, মনজুরে মাওলা)
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, সিরাজগঞ্জ
ফোন: ০২৫৮৮৮৩০০৩৪৮